

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

এফই সার্কুলার নং-১০

চৈত্র ২১, ১৪২২

তারিখ :-----

এপ্রিল ০৪, ২০১৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

হিমায়িত চিৎড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত এফই সার্কুলার নং ২৩, তারিখ ডিসেম্বর ১২, ২০০২, সার্কুলার পত্র নং এফইপিডি(কম) ২৯১(হিমায়িত মাছ)/নীতি/২০০৩-৬৬১ তারিখ জুন ০৩, ২০০৩ এবং হিমায়িত চিৎড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তা প্রদান বিষয়ে জারিকৃত সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারী সিদ্ধান্ত অনুযায়ী হিমায়িত চিৎড়ি ও অন্যান্য মাছ রপ্তানির বিপরীতে নগদ সহায়তার বিদ্যমান সিলিং সীমা হিমায়িত চিৎড়ির ক্ষেত্রে পাউন্ড প্রতি মাঃ ডঃ ৩.৭৯ ও অন্যান্য মাছের ক্ষেত্রে পাউন্ড প্রতি মাঃ ডঃ ১.১০ এর পরিবর্তে নিম্নোক্তভাবে সংশোধন করা হলো :

<u>হিমায়িত মাছের নাম</u>	<u>পাউন্ড প্রতি সর্বোচ্চ এফওবি মূল্য</u>
চিৎড়ি	মাঃ ডঃ ৪.৯৮
অন্যান্য মাছ	মাঃ ডঃ ১.৯৭

০৩। নগদ সহায়তা হিসাবায়নের জন্য রপ্তানিমূল্যের নতুন সিলিং অত্র সার্কুলার জারীর তারিখ হতে হিমায়িত চিৎড়ি ও অন্যান্য মাছ জাহাজীকরণের ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছড়া হিমায়িত চিৎড়ি ও অন্যান্য মাছ রপ্তানির ক্ষেত্রে বরফ আচ্ছাদনের হার বিষয়ে এফই সার্কুলার নং ০৮, তারিখ জুলাই ১৩, ২০১৫ এ বর্ণিত নির্দেশনা বলবৎ থাকবে।

০৪। হিমায়িত চিৎড়ি ও অন্যান্য মাছ রপ্তানির ক্ষেত্রে সকল এফই সার্কুলার/সার্কুলারপত্রের প্রযোজ্য নির্দেশনাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ জাকির হোসেন চৌধুরী)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২৫০